গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬৯.২৫. ১৭৪

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ জুয়েল খান, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, কটিয়াদি, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল কর্মকালীন যথাসময়ে দায়িত্ব হস্তান্তর না করা, ভাতা প্রদানের শর্তে ঘুষ গ্রহণ করা, ভাতাভোগীর মোবাইল নম্বর পরিবর্তনের মাধ্যমে অর্থ আত্মসাৎ করা, চারিশিমুল গ্রামের সুদমুক্ত ক্ষুদ্রঋণের ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বিতরণ ও আদায়ে গড়মিল করা এবং বিভিন্ন প্রকল্প গ্রামের ব্যাংক হিসাবে টাকা না থাকার অভিযোগের প্রেক্ষিতে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল কর্তৃক ০৯/০২/২০২৫ তারিখ ৪১.০১.৯৩০০.০০১.২৭.০০১.২৪.৩২ সংখ্যক স্মারক যোগে ০৩(তিন) সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত তদন্ত কমিটি ২১/০৫/২০২৫ তারিখ ৪১.০১.৯৩৬৬.০০০.১৬.২৩০.২৫.১৩৪ সংখ্যক স্মারক মূলে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তে জনাব মোঃ জুয়েল খান এর বিরুদ্ধে আনীত ০৫টি অভিযোগের মধ্যে ০৪টি অভিযোগ প্রাথমিকভাবে সত্য বলে প্রতীয়মান হয়। তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা স্বীকার করেন। তার নিকট হস্তমজুদকৃত অর্থের প্রায় ৬০% অর্থ নগদ/ চেকের মাধ্যমে জমা প্রদান করেন। অবশিষ্ট অর্থ ০৭ কর্মদিবসের মধ্যে জমাপ্রদান করবেন মর্মে লিখিত প্রতিশ্রুতি প্রদান করেন। সার্বিক বিবেচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য বলে প্রতীয়মান হওয়ায় পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ৩১/০৮/২০২৫ তারিখ ৪১.০১.০০২৩.০০০.০০০. ২৭.০০০১.২৫.২৬৭ সংখ্যক স্মারক মূলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত প্রতিবেদন মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নম্বর ৩২/২০২৫ তারিখ ২৩/০৯/২০২৫) রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ জুয়েল খান বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করায় বিগত ২১/১০/২০২৫ তারিখ তার শুনানি গ্রহণ করা হয়। শুনানি গ্রহণ শেষে বিভাগীয় মামলাটি তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য সহকারী পরিচালক-১ (পরিকল্পনা ও উন্নয়ন), সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকাকে সমাজসেবা অধিদপ্তরের ২৮/১০/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬৯.২৫.৪৫৮ সংখ্যক স্মারক যোগে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১৮/০৬/২০২৬ তারিখ ৪১.০১. ০০০০.০০০.০০৭. ২১.০০১.২১.৪১১ সংখ্যক স্মারক পত্র মূলে প্রাপ্ত তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তে জনাব মোঃ জুয়েল খান এর বিরুদ্ধে প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল কর্মকালীন আনীত অভিযোগের সত্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হয়। তবে তিনি ভাতাভোগীদের অর্থ ফেরতসহ বিভিন্ন প্রকল্প গ্রামের আত্মসাৎকৃত সকল অর্থ ১৬/০৬/২০২৬ তারিখের মধ্যে জমা প্রদান করেন। তার নিকট উক্ত কার্যালয়ের আর কোন দেনা পাওনা নাই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা ১৬/০৬/২০২৬ তারিখ ৪১.০১.৯৩২৫.০০০.০০০.১৬.০০০১.২৬.১১১ সংখ্যক স্মারক মূলে তদন্ত কর্মকর্তাকে অবহিত করেন;

সেহেতু, জনাব মোঃ জুয়েল খান, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, কটিয়াদি, কিশোরগঞ্জ (প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল) এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার জবাব, শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) মোতাবেক বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখার দন্ড প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০.০৭.২০২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬৯.২৫.৯৭৪(১৫)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল/ কিশোরগঞ্জ।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল/ কটিয়াদি, কিশোরগঞ্জ।
৯. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কটিয়াদি, কিশোরগঞ্জ।
১০. জনাব মোঃ জুয়েল খান, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, কটিয়াদি, কিশোরগঞ্জ।

30/07/25

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০০৭৩৭০